

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৪৯

৬. সদাচারণ ও ন্যায়নিষ্ঠতা সংশ্লিষ্ট কিতাব (كِتَابُ الْبِرّ وَالْإِحْسَان)

পরিচ্ছেদঃ সমস্ত বিষয়াদীতে কঠিন সতর্কতা অবলম্বন করা এবং নিজের ভালো আমলের উপর ভরসা না করা

ذِكْنُ الْأُمْرِ بِالتَّشْدِيدِ فِي الْأُمُورِ وَتَرْكِ الْإِتِّكَالِ على الطاعات

আরবী

أَخْبَرَنَا أَبُو خَلِيفَةَ حَدَّتَنَا أَبُو الْوَلِيدِ الطَّيَالِسِيُّ حَدَّثَنَا لَيْثُ بْنُ سَعْدٍ عَنْ بُكَيْرِ بْنِ عَبْدِ اللَّهِ الْلَّهِ عَنْ بُسْرِ بْنِ سَعِيدٍ عَنْ أَبِي هُرَيْرَةَ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: (مَا مِنْ أُحدٍ يُنَجِّيهِ عَمَلُهُ) فقَالَ لَهُ رَجُلُّ: وَلَا أَنْتَ يَا رَسُولَ اللَّهِ؟ قَالَ: (وَلَا أَنَا إِلَّا أَنْ يَتغَمَّدنى اللَّهُ بِرَحْمَتِهِ وَلَكِنْ سَدِّدُواً.)

الراوي: أَبُو هُرَيْرَةَ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 349 ا خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

৩৪৯. আবু হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: "তোমাদের মাঝে এমন কেউ নেই, যাকে তার আমল পরিত্রাণ দিবে।" তখন এক ব্যক্তি বললেন: " হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, আপনাকেও না?" রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন: "না, আমাকেও আমার আমল পরিত্রান দিবে না। তবে মহান আল্লাহ আমাকে স্বীয় রহমত দ্বারা ঢেকে নিবেন। তবে তোমরা মধ্যমপন্থা অবলম্বন করবে।"[1]

ফুটনোট

[1] মুসন্দ আহমাদ: ২/৪৫১; সহীহ মুসলিম: ২৮১৬; আত তায়ালিসী: ২৩২২; মুসনাদ আহমাদ: ২/৫১৪; সহীহ আল বুখারী: ৬৪৬৩; সুনানু বাইহাকী: ৩/১৮; বাগাবী, শারহুস সুন্নাহ: ৪১৯২; ইবনু মাজাহ: ৪২০১; বাযযার: ৩৪৪৮।



হাদীসটির সানাদকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আস সহীহাহ: ২৬০২)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন